গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন পরিকল্পনা শাখা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(ফ্যাক্স : ৯৫৭৬৫৩৫, ই-মেইল : sac@moca.gov.bd ওয়েবসাইট : www.moca.gov.bd)

স্মারক : ৪৩.০০.০০০০.১১৮.১৪.৫৪৯.১৫-৬৯৩

০৬ অগ্রহায়ন ১৪২৩
২০ নভেম্বর ২০১৬

বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ২৭.১০.২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহ পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৭.১০.২০১৬ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি ।

২। বর্ণিত সভার কার্যবিবরণী সানুগ্রহ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে যথানির্দেশ এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্ত প্রতিপালন করে আগামী পাঁচ কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : যথাবর্ণনা।

২০-১১-১৬
আহমেদ শিবলী
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৬৫৩৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: পরিচালক-৭)।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, বাজেট-৭)।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরেবাংলা নগর।
৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
৬। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৭। বিভাগ প্রধান, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (ব্লক-১)।
৮। মহাপরিচালক (শিক্ষা ও সামাজিক সেক্টর), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (ব্লক-১১)।
৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, ৮৩-৮৮, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১৩। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
১৬। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৭। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৮। পরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৯। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, কবিভবন, ধানমন্ডি, ঢাকা।
২০। জেলা প্রশাসক, কুমিল্লা/চট্টগ্রাম/সুনামগঞ্জ।
২১। উপসচিব (বাজেট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, গুলিস্তান, ঢাকা।
২৩। রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
২৪। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
২৫। সভাপতি ও প্রধান নির্বাহী, বিশ্বসাহিত্য কেন্দ্র, ১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০।
২৬। চেয়ারম্যান, বঙ্গীয় শিল্পকলা চর্চার আন্তর্জাতিক কেন্দ্র, হাউস ২৪ ই, রোড ১৩ সি, বনানী, ঢাকা।
২৭। সভাপতি, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ৫, পুরাতন সচিবালয় রোড, রমনা, ঢাকা।
২৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২৯। সিনিয়র সহকারী প্রধান(উন্নয়ন ও পরিকল্পনা-২), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান।
৩১। উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
৩২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি।
৩৩। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
৩৪। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
৩৫। উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মাধবপুর শিববাজার, কেরামতনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৩৬। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
৩৭। সভাপতি, বীরকণ্যা প্রীতিলতা ট্রাস্ট, পটিয়া, চট্টগ্রাম।

রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত

প্রেরক- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ভবন নং-৬, ১৮ তলা বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০



অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

১। মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)/অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিবের (উন্নয়ন ও পরিকল্পনা) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপপ্রধানের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ২৭.১০.২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আসাদুজ্জামান নূর, এমপি, মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ২৭ অক্টোবর ২০১৬, বৃহস্পতিবার
স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি : কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট -'ক' তে যুক্ত করা হলো।

১.০. ভূমিকা :

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সর্বশেষ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। সভাপতি সকলের উদ্দেশ্যে বলেন, নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণে যথাযথভাবে প্রকল্প প্রস্তাব তৈরি করে মন্ত্রণালয়ে পাঠাতে হবে। মন্ত্রণালয়ের অগ্রাধিকার অনুযায়ী নতুন প্রকল্পগুলো দ্রুত মন্ত্রণালয়ে পাঠাতে হবে। সময় বাঁচাতে ভুল-ত্রুটি যথাসাধ্য কমাতে হবে। তিনি টেকসই এবং দৃশ্যমান নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণে যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। মন্ত্রণালয়ের চলমান উন্নয়ন কাজ লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ সম্পাদন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন।

১.২. মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় অবহিত করেন যে জুলাই ২০১৬ হতে সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত এ মন্ত্রণালয়ের গড় অগ্রগতি ২%, জাতীয় গড় ৮.৭৫%।

১.৩. সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন, এ মন্ত্রণালয়ের ছয়টি প্রকল্প চলমান রয়েছে। সম্প্রতি দু'টি নতুন প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। বাস্তবায়নাধীন ছয়টি প্রকল্পের বিপরীতে ২০১৬-১৭ অর্থবছরে এডিপিতে মোট বরাদ্দ ১৩৫৩১.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ২৫২৭.৩০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ২৭০.৮৬ লক্ষ টাকা। অতঃপর প্রকল্প ও কর্মসূচিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

২.০ আলোচনা ও সিদ্ধান্ত :

২.১ সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও গত সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে আলোচনা হয়। প্রকল্পভিত্তিক আলোচনা ও সভায় গৃহীত সিদ্ধান্তগুলো নিচে দেয়া হলো :

| ক্রম | প্রকল্পের নাম | প্রকল্পের উপস্থাপনা ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ২.২. | সাউথ এশিয়া ট্যুরিজম ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট প্রজেক্ট | প্রকল্পটি জানুয়ারি, ২০১০ থেকে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। প্রকল্পটির অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ছিল ২৭৬৩.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ১৯২.৭৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয় এবং ব্যয় হয়েছে ১৫২.৬৭ লক্ষ টাকা যা বরাদ্দের ৫.৫৩%। প্রকল্পের কাজ পরিকল্পনা মাফিক এগিয়ে চলছে। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর জানান প্রকল্পের কাজ সঠিক সময়ে সঠিকভাবে সম্পন্ন হবে। | ২.২.১. প্রকল্পের যাবতীয় কাজ যথাসময়ে শেষ করার জন্য পরিকল্পনামাফিক কাজ করতে হবে;<br>২.২.২. নির্মিতব্য স্থাপনাগুলো মাননীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করে উদ্বোধনের উদ্যোগ নিতে হবে;<br>২.২.৩. এডিবি এর সহযোগিতায় নতুন প্রকল্প গ্রহণের জন্য প্রত্নতত্ত্ব অধিদপ্তর প্রচেষ্টা গ্রহণ করবে। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ পর্যটন কর্পোরেশন |

| ক্রম | প্রকল্পের নাম | প্রকল্পের উপস্থাপনা ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ২.৩. | হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ | প্রকল্পটি মোট ২৩৭৩.৯১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। ২০১৫-১৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দ ছিল ১০১১.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও সংশোধনের জন্য পরিকল্পনা কমিশনে ৩১.০৭.২০১৬ তারিখে পিইসি সভা হয়েছে। | ২.৩.১. পরিকল্পনা কমিশনের পিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্প সংশোধনের বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে;<br>২.৩.২. প্রকল্পের অসমাপ্ত কাজগুলো দ্রুততার সাথে শেষ করার জন্য গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br>২.৩.৩. শিল্পকলা একাডেমি প্রকল্পের অগ্রগতি নিবিড় পরিবীক্ষণ করবে। | শিল্পকলা একাডেমি/ গণপূর্ত/ স্থাপত্য অধিদপ্তর |
| ২.৪. | বিভাগীয় ও জেলা শিল্পকলা একাডেমি নির্মাণ | প্রকল্পটি মোট ১৯৩,৫৬.৮৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মে ২০১৪ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে ৪০৩১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ১০০৭.৭৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ৫.৮১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অগ্রগতি ০.১৪%। নির্মাণ কাজ চলছে। খুলনা, মানিকগঞ্জ, জামালপুর, নারায়নগঞ্জ শিল্পকলা একাডেমির কাজ চলছে, বাকীগুলোর জন্য দরপত্র আহবান করা হয়েছে। | ২.৪.১. নির্মাণ কাজের গতি বৃদ্ধি করতে হবে;<br>২.৪.২ দরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কাজ দ্রুত সম্পাদন করতে হবে;<br>২.৪.৩. প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি নিবিড় পরিবীক্ষণ করবে;<br>২.৪.৪. বরিশাল শিল্পকলা একাডেমির জন্য জমি সংক্রান্ত জটিলতা নিরসনে প্রকল্প পরিচালক জরুরী পদক্ষেপ গ্রহণ করবেন। | শিল্পকলা একাডেমি, স্থাপত্য/ গণপূর্ত অধিদপ্তর |
| ২.৫. | ১৫টি জেলা শিল্পকলা একাডেমির নবায়ন, সংস্কার ও মেরামত | প্রকল্পটি মোট ৪০৫৫.১৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে ৩০৫৫.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ৬৫৯.০৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। কোন অর্থ ব্যয় হয়নি। | ২.৫.১. নির্মাণ কাজের গতি বৃদ্ধি করতে হবে;<br>২.৫.২ গোপালগঞ্জ জেলা শিল্পকলা একাডমির বিষয়ে পৃথক প্রকল্প অথবা কর্মসূচি গ্রহণ করতে হবে;<br>২.৫.৩. পটুয়াখালী জেলা শিল্পকলা একাডেমি মেরামতের প্রস্তাব বিবেচ্য প্রকল্পে অন্তর্ভুক্তির প্রচেষ্টা নিতে হবে;<br>২.৫.৪. অনুমোদিত বরাদ্দের মধ্যে প্রকল্প সংশোধনের বিষয়ে প্রয়োজনীয়তা যাচাইপূর্বক ব্যবস্থা নিতে হবে। | শিল্পকলা একাডেমি |

| ক্রম | প্রকল্পের নাম | প্রকল্পের উপস্থাপনা ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|---|
| ২.৬. | ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন | প্রকল্পটি মোট ৪৯৫৩.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৫ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে ২১৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ৫৩৭.৭৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ৫.৩৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। | ২.৬.১. চাঁদপুরে জমি সংগ্রহের বিষয়ে মহাপরিচালক প্রয়োজনীয় উদ্যোগ নিবেন;<br>২.৬.২. প্রকল্পের আওতায় চলমান সাইটগুলোর কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ২.৭. | বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরি কর্মসূচি সম্প্রসারণ | প্রকল্পটি মোট ১৯০৪.০৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে ৬৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। অবমুক্ত করা হয়েছে ১৩০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১০৭.০০ লক্ষ টাকা। অগ্রগতি ২০.৫৮%। | ২.৭.১. প্রকল্প সংশোধনের বিষয়ে যথাযথ ব্যবস্থা নিতে হবে। | বিশ্বসাহিত্য কেন্দ্র |

**৩.০ রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত :**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে চলতি ২০১৬-১৭ অর্থববছরে রাজস্ব বাজেটের আওতায় ১৬টি কর্মসূচি বাস্তবায়নাধীন রয়েছে। কর্মসূচিগুলোর অনুকূলে বাজেট বরাদ্দ ২৮৩২.৬৭ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত মোট ৬২৭.৫৪ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৫.৮১ লক্ষ টাকা (০.২১%)। বাস্তবায়নাধীন সকল কর্মসূচির ওপর বিস্তারিত আলোচনা করা হয়। সমাপ্ত কর্মসূচিগুলোর সমাপ্তি প্রতিবেদন দ্রুততার সাথে মন্ত্রণালয়ে দাখিল করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানানো হয়। সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো গৃহীত হয় :

**সিদ্ধান্ত :**

৩.১. কর্মসূচির আওতায় নির্মিত/সংগৃহীত/তৈরীকৃত সকল বিষয়ের ওপর কর্মসূচির নাম ও মন্ত্রণালয় উল্লেখ করতে হবে;

৩.২. বাংলা একাডেমির 'বর্ধমান হাউসে লোক ঐতিহ্য জাদুঘর সম্প্রসারণ ও উন্নয়ন' শীর্ষক কর্মসূচির আওতায় লোকজ জাদুঘরের জন্য প্রত্নসামগ্রী সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। সংগ্রহ করা সম্ভব না হলে রেপ্লিকা তৈরী করা যাবে ;

৩.৩. বাংলাদেশ জাতীয় জাদুঘরের চলমান 'বাংলাদেশ জাতীয় জাদুঘর সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম (সিএমএস) ও তথ্যযোগাযোগ ব্যবস্থাপনা সিস্টেম (এমআইএস) উন্নয়ন কার্যক্রম' শীর্ষক কর্মসূচিটি মেয়াদ বৃদ্ধির বিষয়ে সংস্থা ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির বিষয় বিএমসি সভার বিবেচনার জন্য প্রস্তাব প্রেরণ করবে ;

৩.৪. এশিয়াটিক সোসাইটি কর্তৃক বাস্তাবয়নাধীন 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া' শীর্ষক কর্মসূচি নিয়মমাফিক সময় বৃদ্ধিসহ সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩.৫. 'রামুর্তে রাখাইন সাংস্কৃতিক ইন্সটিটিউট-এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ' শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে বিজিবি'র অস্থায়ী অফিস অন্যত্র সরানোর জন্য মহাপরিচালক, বিজিবিকে পত্র দিতে হবে;

৩.৬. 'খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের সংস্কৃতির উন্নয়ন ও সম্প্রসারণ এবং ইতিহাস, ঐতিহ্য ও আর্থ-সামাজিক অবস্থা বিশ্লেষণ' শীর্ষক কর্মসূচি জুন ২০১৭ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির বিষয়ে সম্মতি প্রদান করা হলো এবং সকল কার্যক্রম জুন ২০১৭ এর মধ্যে সমাপ্ত করতে হবে। তবে বিধিমোতাবেক বিএমসি সভায় উপস্থাপন করতে হবে।

৩.৭. বর্তমান বছরের কর্মসূচিসমূহের দরপত্রের কার্যক্রম নভেম্বর'১৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে (বাস্তবায়নে : সকল সংস্থা)।

৪.০ **বিবিধ বিষয়ে সিদ্ধান্ত :**

৪.১. 'খাগড়াছড়ি ক্ষুদ্রনৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ভবন সম্প্রসারণ ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

৪.২. যে সব সংস্থা তালিকাভুক্ত অননুমোদিত প্রকল্পের ডিপিপি এখনও দাখিল করেনি, তারা দ্রুততার সাথে ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করবে। (বাস্তবায়নে : সকল সংস্থা);

৪.৩. চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট এর সকল বিষয়ের ওপর ডকুমেন্টরী/ডকুমেন্টশন তৈরী করতে হবে (বাস্তবায়নে : গণগ্রন্থাগার অধিদপ্তর);

৪.৪ সকল সংস্থা তাদের বিষয়াদির ওপর একটি করে সংক্ষিপ্ত ব্রোশিউর বা লিফলেট তৈরী করবে (বাস্তবায়নে : সকল সংস্থা)।

৫.০. নির্ধারিত সকল বিষয় আলোচনার পর গঠনমূলক অংশগ্রহণের জন্য সকলকে, বিশেষত অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও মাঠ প্রশাসনের পক্ষে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী 20.11.16
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।